জানুয়ারী-মার্চ ২০২৫ সংখ্যা

# এনডব্লিউপিজিসিএল বার্তা

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ এর একটি ত্রৈমাসিক প্রকাশনা



**এনডব্লিউপিজিসিএল-এর ব্যবস্থাপনা পরিচালক হিসেবে জনাব হাসিবুল হাসান মহোদয়ের যোগদান**

NORTH-WEST POWER GENERATION COMPANY LIMITED

## নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ

আইএসও ৯০০১: ২০১৫, আইএসও ১৪০০১: ২০১৫ এবং আইএসও ৪৫০০১: ২০১৮ সনদপ্রাপ্ত

(বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান)

# এনডব্লিউপিজিসিএল বার্তা

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ এর একটি ত্রৈমাসিক প্রকাশনা
**জানুয়ারী-মার্চ ২০২৫ সংখ্যা**

## সম্পাদকীয়

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড নিয়মিতভাবে কোম্পানির কর্মকান্ডের তথ্য সকলের জ্ঞাতার্থে প্রকাশ করে আসছে। এ ধারাবাহিকতায় কোম্পানির কর্মকান্ড, সাফল্য, নতুন উদ্যোগ, বিদ্যুৎ কেন্দ্রের সংরক্ষণ কার্যক্রম এবং বিভিন্ন সংবাদ সম্বলিত একটি ত্রৈমাসিক প্রকাশনা ‘এনডব্লিউপিজিসিএল বার্তা’ এর ২০২৪-২০২৫ অর্থবছরের ৩য় সংখ্যা প্রকাশিত হতে যাচ্ছে। এটি কোম্পানির অন্যতম মুখপত্র হিসেবে কোম্পানির সার্বিক চিত্র সকলের নিকট তুলে ধরবে।

বিদ্যুৎ দেশের অর্থনৈতিক উন্নতির মূল চালিকাশক্তি। জিডিপি-এর প্রবৃদ্ধি এবং দেশের ক্রমবর্ধমান অর্থনীতিকে গতিশীল রাখতে টেকসই, নির্ভরযোগ্য এবং সাশ্রয়ী বিদ্যুৎ সরবরাহের প্রয়োজন। বাংলাদেশ সরকার দেশের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণে মিশ্র জ্বালানি (গ্যাস, কয়লা, তরল জ্বালানি, পারমাণবিক শক্তি, নবায়নযোগ্য জ্বালানি) ব্যবহারের মাধ্যমে বিদ্যুৎ খাতের উন্নয়নের লক্ষ্যে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি কর্মসূচী গ্রহণ করেছে। সরকারের এ সকল লক্ষ্য অর্জনে অংশীজন হিসেবে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল) নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

সাম্প্রতিককালে বৈশ্বিক জ্বালানি সংকট মোকাবেলায় বাংলাদেশ সরকার নানান বাস্তবমুখী উদ্যোগ নিয়েছে যা প্রশংসনীয়। নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ সরকারের সহযোগী হিসেবে কাজ করতে বদ্ধপরিকর। এ কারণে জ্বালানি সংকট সত্ত্বেও নানামুখী পরিকল্পনার মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন অব্যাহত রেখেছে অত্র কোম্পানি। ‘এনডব্লিউপিজিসিএল বার্তা’ নিয়মিতভাবেই কোম্পানির কর্মকাণ্ড ও অগ্রগতির চিত্র জনগণের সামনে তুলে ধরবে। এনডব্লিউপিজিসিএল বার্তা এর ২০২৪-২০২৫ অর্থবছরের ৩য় সংখ্যা প্রকাশের সুযোগ পেয়ে আমরা আনন্দিত ও গর্বিত। সকলকে শুভেচ্ছা।

**সম্পাদক**
বিমল চন্দ্র রায় এফসিএস
কোম্পানি সচিব, এনডব্লিউপিজিসিএল

### উপদেষ্টামন্ডলী

**প্রকৌঃ মোঃ হারুন অর রশীদ**
নির্বাহী পরিচালক (পিএন্ডডি), এনডব্লিউপিজিসিএল

**এস. এম. হাবীবুর রহমান সিদ্দিক**
নির্বাহী পরিচালক (অর্থ), এনডব্লিউপিজিসিএল

**প্রকৌঃ মোঃ মোশাররফ হোসেন**
নির্বাহী পরিচালক (প্রকৌশল), এনডব্লিউপিজিসিএল

**মোঃ মামুনুর রহমান মন্ডল**
মহাব্যবস্থাপক (মানবসম্পদ ও প্রশাসন), এনডব্লিউপিজিসিএল

### প্রকাশক

**কোম্পানি সচিবালয়, এনডব্লিউপিজিসিএল**

### সম্পাদক

বিমল চন্দ্র রায় এফসিএস
কোম্পানি সচিব, এনডব্লিউপিজিসিএল

### সমন্বয়ক

**প্রকৌঃ মুহাম্মদ সাইফুদ্দীন আহসান**
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডডি), এনডব্লিউপিজিসিএল

### সহকারী সম্পাদক

**আখতার মাহমুদ**
উপ-ব্যবস্থাপক (জনসংযোগ), এনডব্লিউপিজিসিএল

**নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল)**
(বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান)

ইউটিসি ভবন (৪র্থ তলা), ৮ পান্থপথ,
কাওরান বাজার, ঢাকা-১২১৫
**ফোন:** ৪৮১২২১৮২, ৪৮১২২১১৮, ৯১৪২০৬২
**ওয়েবসাইট:** www.nwpgcl.gov.bd
**ফেইসবুক পেইজ:**
https://www.facebook.com/NWPGCL/

# স্বাগত বক্তব্য



প্রকৌ. হাসিবুল হাসান, ব্যবস্থাপনা পরিচালক, এনডব্লিউপিজিসিএল

আমি অত্যন্ত আনন্দিত যে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ কর্তৃক ২০২৪-২৫ অর্থ বছরে 'এনডব্লিপিজিসিএল বার্তা' এর ৩য় সংখ্যা কোম্পানির ওয়েবসাইটে প্রকাশিত হতে যাচ্ছে। উক্ত প্রকাশনায় কোম্পানির হালনাগাদ কারিগরি এবং অ-কারিগরি তথ্য তুলে ধরা হয়েছে। নিয়মিত কার্যক্রমের পাশাপাশি কোম্পানির অর্জন এবং সাফল্যের চিত্রও জনগণের সুবিধার্থে প্রকাশ করা হয়েছে। 'এনডব্লিপিজিসিএল বার্তা'র মাধ্যমে কোম্পানির সকল স্তরের কর্মকর্তা-কর্মচারিগণসহ বিভিন্ন অংশীজন অবাধ তথ্য গ্রহণের মাধ্যমে উপকৃত হবেন। এ ধরনের কার্যক্রমের ফলে একদিকে যেমন জ্ঞানের ভান্ডার সমৃদ্ধ হবে অন্যদিকে জনগণের নিকট কোম্পানির ভাবমূর্তি উজ্জ্বল হবে। এছাড়া, এ প্রকাশনার ফলে বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দপ্তর অত্র কোম্পানি সম্পর্কে সহজেই প্রয়োজনীয় তথ্য পাবে বলে আশা করি।

পরিশেষে, আমি 'এনডব্লিপিজিসিএল বার্তা' এর অব্যাহত অগ্রযাত্রা ও সফলতা কামনা করছি এবং একই সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করছি।

# সূচীপত্র


কোম্পানি পরিচিতি ৫

এক নজরে কোম্পানির বিদ্যুৎ কেন্দ্রসমূহ ৬

বিদ্যুৎ উপদেষ্টা মহোদয়ের সিরাজগঞ্জ ৬৮ মেগাওয়াট সোলার পার্ক পরিদর্শন ৭

এনডব্লিউপিজিসিএল-এর প্রাক্তন ব্যবস্থাপনা পরিচালক জনাব কাজী আবসার উদ্দীন আহমেদ মহোদয়ের অবসর উপলক্ষে ধন্যবাদ জ্ঞাপন অনুষ্ঠান আয়োজন ৮

এনডব্লিউপিজিসিএল-এর ব্যবস্থাপনা পরিচালক হিসেবে জনাব হাসিবুল হাসান মহোদয়ের যোগদান ৯

নবনিযুক্ত ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন ১০

মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন ১১

সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের (ইউনিট-১) সংরক্ষণ কার্যক্রম ১২

খুলনা ২২৫ মেঃ ওঃ বিদ্যুৎ কেন্দ্রের সংরক্ষণ কার্যক্রম ১৫

মধুমতি বিদ্যুৎ কেন্দ্রের রক্ষণাবেক্ষণ কার্যক্রম ১৮

# কোম্পানি পরিচিতি

দেশের উত্তর-পশ্চিমাঞ্চলের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণ এবং লো-ভোল্টেজ সমস্যা নিরসনকল্পে বিদ্যুৎ খাত সংস্কারের আওতায় কোম্পানি আইন, ১৯৯৪ অনুসারে গত ২৮-০৮-০৭ ইং তারিখে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান হিসেবে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল) গঠিত হয়। সিরাজগঞ্জ ১৫০ মেঃওঃ ও খুলনা ১৫০ মেঃওঃ পিকিং পাওয়ার প্লান্ট নির্মাণ প্রকল্প এবং ভেড়ামারা ৩৬০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র উন্নয়ন প্রকল্প নিয়ে কোম্পানি প্রাথমিকভাবে যাত্রা শুরু করে।

কোম্পানি বিদ্যুৎ উৎপাদন আরম্ভ করে ০৩ নভেম্বর ২০১২ তারিখে। বর্তমানে ১০ (দশ) টি বিদ্যুৎ কেন্দ্রের নেট উৎপাদন ক্ষমতা ৩১৩১.১৩ মেঃওঃ। অল্প সময়ে কোম্পানির এরূপ আশাতীত সাফল্য সকল মহলেই প্রশংসিত হয়েছে। নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ গঠিত হবার পর থেকেই বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প বাস্তবায়নে এবং বিদ্যুৎ কেন্দ্র পরিচালন ও সংরক্ষণে অনবদ্য ভূমিকা পালন করে আসছে।

আশা করা যায়, ২০৩৫ সালের মধ্যে কোম্পানি ১০,০০০ মেঃওঃ এর উর্ধ্বে বিদ্যুৎ উৎপাদনে সক্ষম হবে। এছাড়া, কোম্পানিটি দ্রুততম সময়ে শক্তিশালী ব্রান্ড ইমেজসহ দেশের নেতৃত্বশীল বিদ্যুৎ উৎপাদনকারী সংস্থায় পরিগণিত হবে বলেই কোম্পানি আশা করে।

প্রতিষ্ঠানটির বর্তমান চেয়ারম্যান জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম, সচিব, জ্বালানি ও খনিজসম্পদ বিভাগ বিভাগ এবং ব্যবস্থাপনা পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন প্রকৌশলী হাসিবুল হাসান।

# এক নজরে কোম্পানির বিদ্যুৎ কেন্দ্রসমূহ

| ক্র. নং | বিদ্যুৎ কেন্দ্রের নাম | জ্বালানি | নেট উৎপাদন ক্ষমতা (মেঃওঃ) | বাণিজ্যিকভাবে বিদ্যুৎ উৎপাদনের তারিখ |
|---|---|---|---|---|
| ১ | সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (১ম ইউনিট) | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ২১৪ | সিম্পল সাইকেল: নভেম্বর ২০১২<br>কম্বাইন্ড সাইকেল: জুলাই ২০১৪ |
| ২ | খুলনা ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ২৩০ | সিম্পল সাইকেল:সেপ্টেম্বর ২০১৩<br>কম্বাইন্ড সাইকেল: জুন ২০১৬ |
| ৩ | ভেড়ামারা ৪১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ৪১০ | সিম্পল সাইকেল: মে ২০১৭<br>কম্বাইন্ড সাইকেল: ডিসেম্বর ২০১৭ |
| ৪ | সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (২য় ইউনিট) | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ২২০ | ফেব্রুয়ারী ২০১৮ |
| ৫ | সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (৩য় ইউনিট) | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ২২০ | সিম্পল সাইকেল: আগস্ট ২০১৮<br>কম্বাইন্ড সাইকেল: জানুয়ারী ২০১৯ |
| ৬ | মধুমতি ১০০ মেঃওঃ এইএফও চালিত বিদ্যুৎ কেন্দ্র | এইচএফও | ১০৫ | এপ্রিল ২০১৯ |
| ৭ | সিরাজগঞ্জ ৪০০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (৪র্থ ইউনিট) (যৌথ মালিকানা) | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ৪১৪ | সিম্পল সাইকেল: অক্টোবর ২০১৮<br>কম্বাইন্ড সাইকেল: এপ্রিল, ২০১৯ |
| ৮ | পায়রা ১৩২০ মেঃওঃ তাপ বিদ্যুৎ কেন্দ্র (১ম পর্যায়) (যৌথ মালিকানা) | কয়লা | ১২৪৪ | **১ম ইউনিটঃ** মে, ২০২০<br>২য় ইউনিটঃ ডিসেম্বর, ২০২০ |
| ৯ | সিরাজগঞ্জ ৬.৫৫ মেঃওঃ (এসি) গ্রীড কানেক্টেড ফটোভোল্টায়িক সোলার বিদ্যুৎ কেন্দ্র | --- | ৬.১৩ | ৩০ মার্চ ২০২১ |
| ১০ | **সিরাজগঞ্জ ৬৮ মেঃওঃ সোলার পার্ক (যৌথ মালিকানা)** | --- | **৬৮** | **সেপ্টেম্বর ২০২৪** |
| | | **বর্তমানে মোট নেট উৎপাদন ক্ষমতা** | **৩১৩১.১৩ মেঃওঃ** | |

# বিদ্যুৎ উপদেষ্টা মহোদয়ের সিরাজগঞ্জ ৬৮ মেগাওয়াট সোলার পার্ক পরিদর্শন

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা মুহাম্মদ ফাওজুল কবির খান গত ২১ ফেব্রুয়ারি ২০২৫ ইং তারিখ সিরাজগঞ্জ সফরের অংশ হিসেবে "সিরাজগঞ্জ ৬৮ মেগাওয়াট সোলার পার্ক" প্রকল্প পরিদর্শন করেন।

এসময় নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) জনাব মোঃ খলিলুর রহমান এবং অন্যান্য ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।









## এনডব্লিউপিজিসিএল-এর প্রাক্তন ব্যবস্থাপনা পরিচালক জনাব কাজী আবসার উদ্দীন আহমেদ মহোদয়ের অবসর উপলক্ষে ধন্যবাদ জ্ঞাপন অনুষ্ঠানের আয়োজন

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক, জনাব কাজী আবসার উদ্দীন আহমেদ মহোদয় ১৩ ফেব্রুয়ারী ২০২৫ ইং তারিখে চাকুরি হতে অবসর গ্রহণ করেন। এ প্রেক্ষিতে কোম্পানির পক্ষ থেকে তাঁর অবসর উপলক্ষে ধন্যবাদজ্ঞাপন (Thanksgiving) অনুষ্ঠানের আয়োজন করা হয়। তাঁকে কোম্পানির পক্ষ থেকে শুভেচ্ছা স্মারক, ফুল, ক্রেস্ট ও উপহার দিয়ে শুভেচ্ছা জ্ঞাপন করা হয়। উক্ত অনুষ্ঠানে কোম্পানির সকল শ্রেণীর কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন।









# এনডব্লিউপিজিসিএল-এর ব্যবস্থাপনা পরিচালক হিসেবে জনাব হাসিবুল হাসান মহোদয়ের যোগদান

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ (এনডব্লিউপিজিসিএল) এর নবনিযুক্ত ব্যবস্থাপনা পরিচালক জনাব হাসিবুল হাসান গত ২০ মার্চ ২০২৫ তারিখে অত্র কোম্পানিতে যোগদান করেন। এ উপলক্ষে কোম্পানির সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীর পক্ষ থেকে তাঁকে ফুলেল শুভেচ্ছা জ্ঞাপন করা হয়। উল্লেখ্য, ইতোপূর্বে জনাব মোঃ খলিলুর রহমান, সদস্য (প্রশাসন), বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, এনডব্লিউপিজিসিএল এর ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক হিসেবে কর্মরত ছিলেন। তিনি একই দিন পূর্বাহ্নে জনাব হাসিবুল হাসানের নিকট ব্যবস্থাপনা পরিচালকের দায়িত্ব হস্তান্তর করেন।



# নবনিযুক্ত ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন

নবনিযুক্ত ব্যবস্থাপনা পরিচালক মহোদয় জনাব হাসিবুল হাসান, গত ২২ মার্চ, ২০২৫ খ্রি. সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন করেন। এ সময় সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র-এর পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা জ্ঞাপন করেন। ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বিদ্যুৎ কেন্দ্রের কর্মকর্তাবৃন্দের সাথে মতবিনিময় করেন এবং বিদ্যুৎ কেন্দ্র প্রাঙ্গানে বৃক্ষরোপণ করেন।











# মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ এর আওতাধীন বিদ্যুৎ কেন্দ্রসমূহের পক্ষ থেকে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে পুস্পস্তবক অর্পণ, পতাকা অর্ধনমিত রাখা, ভাষাশহীদদের আত্মার মাগফেরাত কামনা ইত্যাদি কার্যক্রম ভাবগাম্ভীর্যের সাথে আয়োজিত হয়।









# সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের (ইউনিট-১) সংরক্ষণ কার্যক্রম

**১.১ গ্যাস টারবাইনের মাইনর ইন্সপেকশন**

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড-এর আওতাধীন সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের (ইউনিট-১) গ্যাস টারবাইনের মাইনর ইন্সপেকশনের কাজ OEM প্রতিষ্ঠান, SIEMENS,Germany কর্তৃক ১৯ - ২৫ ফেব্রুয়ারী ২০২৫ -এর মধ্যে সম্পন্ন হয়েছে এবং বর্তমানে NLDC-এর চাহিদা মোতাবেক পূর্ন ক্ষমতায় জাতীয় গ্রিডে বিদ্যুৎ সরবরাহ করছে। গ্যাস টারবাইনের মাইনর ইন্সপেকশনের সময়কার কিছু স্থিরচিত্র:



*চিত্র ১.১.১: IGV মোটর খোলা হচ্ছে।*



*চিত্র ১.১.২: IGV ইন্সপেকশন করা হচ্ছে।*

**১.২ স্টিম টারবাইন ইন্সপেকশন**



*চিত্র ১.২.১: ম্যানহোল  খোলা হচ্ছে।*



*চিত্র ১.২.২: লাস্ট স্টেজ ব্লেডের ট্রেইলিং এইজ ইন্সপেকশন।*

## ১.৩ Heat Recovery Steam Generator( HRSG)-এর মেইনটেন্যান্স

উক্ত ইউনিটের Heat Recovery Steam Generator (HRSG)-এর মেইন্টেন্যান্স কাজ সম্পন্ন হয়েছে। উক্ত মেইন্টেন্যান্স কাজের কিছু স্থিরচিত্র এতদ্‌সাথ সংযুক্ত করা হলোঃ



*চিত্র ১.৩.১: HRSG ম্যানহোল খোলা হচ্ছে।*



*চিত্র ১.৩.২: HRSG হেডার মেরামত।*

## ১.৪ কনডেনসার ইন্সপেকশন

উক্ত ইউনিটের কনডেনসার ইন্সপেকশন সম্পন্ন হয়েছে। উক্ত ইন্সপেকশনের কিছু স্থিরচিত্র এতদ্‌সাথ সংযুক্ত করা হলোঃ



*চিত্র ১.৪.১: কনডেনসার মানহোল খোলা হছে।*



*চিত্র ১.৪.২: টিউবের থিকনেস পরিমাপ করা হচ্ছে।*

### ১.৫ গ্যাস বুস্টার কম্প্রেসর কুলিং টাওয়ার মেইনটেন্যান্স

উক্ত ইউনিটের গ্যাস বুস্টার কম্প্রেসর কুলিং টাওয়ার মেইন্টেন্যান্স কাজের কিছু স্থিরচিত্র এতদ্‌সাথ সংযুক্ত করা হলোঃ




*চিত্র ১.৫.১: কুলিং টাওয়ার লিকেজ চিহ্নিতকরণ।*



*চিত্র ১.৫.২: লিকেজ টিউব ওয়েল্ডিং।*

### ১.৬ গ্যাস টারবাইন জেনারেটর সার্কিট ব্রেকার ইন্সপেকশন

সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের (ইউনিট-১) গ্যাস টারবাইন জেনারেটর সার্কিট ব্রেকার ইন্সপেকশন কাজের স্থিরচিত্র এতদ্‌সাথ সংযুক্ত করা হলোঃ



*চিত্র ১.৬.১: GCB-এর কনট্রাক্ট রেজিস্টেন্স পরিমাপ ।*

# খুলনা ২২৫ মেঃ ওঃ বিদ্যুৎ কেন্দ্রের সংরক্ষণ কার্যক্রম

খুলনা ২২৫ মেঃ ওঃ বিদ্যুৎ কেন্দ্রে সম্প্রতি (ডিসেম্বর - মার্চ ) নিম্নোক্ত সংরক্ষণ কার্যক্রম সম্পন্ন হয়ঃ

১। **বিদ্যুৎ কেন্দ্রের বিভিন্ন Scheduled, Preventive, Breakdown Maintenance কার্যক্রম**

অত্র বিদ্যুৎ কেন্দ্রে পরিকল্পনা অনুযায়ী বিভিন্ন Scheduled, Preventive, Breakdown কার্যক্রম পরিচালনা করা হয়। নিম্নে কিছু উল্লেখযোগ্য কাজের চিত্র তুলে ধরা হলঃ



Figure 1. HSD Centrifuge purifier এর overhauling কার্যক্রমের বিভিন্ন পর্যায়



*Figure 2. Steam Turbine (ST) এর  ক্ষতিগ্রস্ত cladding মেরামত কার্যক্রমের বিভিন্ন পর্যায়*



Figure 3. Mechanical Agitator Clarifier এর blender এর gearbox মেরামত কার্যক্রমের বিভিন্ন পর্যায়



Figure 4. Raw water pool cleaning ও pump suction piping painting কাজ চলমান



Figure 5. GT ও ST EDG এর  scheduled maintenance কার্যক্রম চলমান।



Figure 6. Diesel fire pump এর scheduled maintenance কার্যক্রম চলমান।



Figure 7. ST lube oil purifier এর maintenance কার্যক্রম চলমান।




Figure 8. GT air intake house cleaning কার্যক্রম চলমান।



Figure 9. GT foam system এর preventive maintenance কার্যক্রম চলমান।

# মধুমতি বিদ্যুৎ কেন্দ্রের রক্ষণাবেক্ষণ কার্যক্রম

১। Auxiliary Boiler burner খুলে এর nozzle inspection করা হচ্ছে। Nozzle এর ছিদ্র গুলো পরিষ্কার করা হয়। তাছাড়া burner flame looking glass পরিষ্কার করে দেওয়া হয়। উল্লেখ্য এটা বাৎসরিক শিডিউল মেইন্টেন্যান্স কাজ।





চিত্রঃ **Auxiliary Boiler burner এর Nozzle খুলে Nozzle এর ছিদ্র গুলো পরিষ্কার করা হচ্ছে**



চিত্রঃ **Nozzle এর ছিদ্র গুলো পরিষ্কার করার পর**





চিত্রঃ **Burner flame looking glass খোলার পর**



চিত্রঃ **Burner flame looking glass পরিষ্কার করার পর**

২। Engine #1, #2 ও #5 Exhaust Gas Boiler টিউব গুলোতে অনেক শুট জমা হয়ে গেছিলো। পরবর্তিতে টিউব গুলোতে SS round wire brush দিয়ে পরিষ্কার করা হয়। উল্লেখ্য এটা বাৎসরিক শিডিউল মেইন্টেন্যান্স কাজ।





চিত্রঃ **EGB এর উপরের ম্যানহোল খোলার পরে দেখা যায় অনেক শুট জমা হয়েছে**





চিত্রঃ **SS round wire brush দিয়ে টিউব গুলো পরিষ্কার করা হচ্ছে**





চিত্রঃ **পরিষ্কার করার পর বয়লারের নিচে জমা হওয়া শুট**

৩। HFO Separator #1, #2 ও #3 এর Overhauling কাজের আওতায় সেপারটর ডিস্ক খুলে পানি ও কেমিক্যাল দিয়ে পরিষ্কার করা হয়। তাছাড়া অন্যান্য O ring ও Seal পরিবর্তন করা হয়। উল্লেখ্য এটা ১৮ মাসের শিডিউল মেইন্টেন্যান্স কাজ।





চিত্রঃ **Separator ডিস্ক খুলে পানি ও কেমিক্যাল দিয়ে পরিষ্কার করার পর**





চিত্রঃ **Separator বোল খুলে পরিষ্কার করা হচ্ছে।**


# ইলেকট্রিক্যাল মেইন্টেন্যান্স কাজের ছবি

১. ইঞ্জিনের অক্সিলিয়ারি সিস্টেম মোটর (যেমন বুস্টার মোটর, অয়েল মিস্ট সেপারেটর মোটর, প্রিলুব পাম্প মোটর, লুব অয়েল সেপারেটর মোটর, লুব অয়েল ফিড পাম্প মোটর, প্রিহিটার, টার্নিং গিয়ার মোটর ইত্যাদি) এবং প্যানেলের (যেমন BJA, CFE, NGR, ও MC) অর্ধবার্ষিক schedule maintenance এর আওতায় নিম্নোক্ত কাজগুলো সম্পাদন করা হয়েছে।

ক. সমস্ত প্যানেল কুলিং ফিল্টার, মোটর বডি এবং কুলিং ফ্যান পরিষ্কার করা হয়েছে।

খ. সমস্ত মোটর এবং প্যানেলের electrical connection tightness যথাযথভাবে নিশ্চিত করা হয়েছে।

গ. মোটরের winding resistance পরিমাপ করা হয়েছে এবং স্বাভাবিক পাওয়া গেছে।




চিত্রঃ অয়েল মিস্ট সেপারেটর ইন্সপেকশন ও লুব অয়েল সেপারেটর এ কাজের মূহুর্তে

২. বিদ্যুৎ কেন্দ্রের এর বার্ষিক Schedule Maintenance কার্যক্রম এর আওতায় সকল Main Transformer, Circuit Breaker, Current Transformer (PT), Potential Transformer (PT) ও Surge Arrester এর Bolt Tightness Checking ও Insulator Cleaning করা হয়।



চিত্রঃ সাব-স্টেশনে কাজের বিভিন্ন মূহুর্তের ছবি

৩. ইঞ্জিন নং-4 এর ৮০০০ ঘন্টার Schedule Maintenance কার্যক্রম এর আওতায় Control and monitoring system এর loose terminals, cable insulation wear, loose cable glands, electronic modules এর Physical damage, sensors, actuators, solenoids এর leakage Inspection এবং Safety sensor সমূহ check করা হয়।



চিত্রঃ ইঞ্জিন নং-4 এর ৮০০০ ঘন্টার কাজের বিভিন্ন মুহূর্তের ছবি

অত্র এনডব্লিউপিজিসিএল বার্তায় জানুয়ারী-মার্চ ২০২৫ তারিখের মধ্যে সংঘটিত কোম্পানির গুরুত্বপূর্ণ কার্যাবলীর সচিত্র তথ্যাবলী সকলের সদয় অবগতির জন্য প্রকাশ করা হলো। তথ্যের অবাধ প্রবাহ সুনিশ্চিত করতে ও কোম্পানির কার্যক্রম সম্পর্কে সকলকে অবহিত করতে এ ত্রৈমাসিক প্রকাশনা অনন্য ভূমিকা পালন করবে বলেই আমাদের বিশ্বাস। সকলের আগ্রহের প্রেক্ষিতে ভবিষ্যতেও ‘এনডব্লিউপিজিসিএল বার্তা’ প্রকাশিত হবে।

উল্লেখ্য, এখানে প্রকাশিত যাবতীয় তথ্যাদির মালিকানা নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ তথা বাংলাদেশ সরকারের। এখানে ব্যবহৃত তথ্যাদি/ছবি শুধুমাত্র সকলকে অবহিত করার জন্য প্রকাশিত হয়েছে। এর বাইরে এ সকল তথ্যাদি ও ছবি বিনাঅনুমতিতে ব্যবসায়িক কাজে ব্যবহারের নিমিত্ত কোনোরূপ মুদ্রণ বা প্রতিলিপি তৈরি করা যাবে না বা অন্য কোনো প্রকাশনায় ব্যবহার করা যাবে না।